# বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ

কালিয়াকৈর, গাজীপুর

স্মারক নং- ৩৭. ০১. ৪১০৪. ০০০. ৪৪. ০০১. ১৮- ৭১৭ তারিখ: ১৩/ ০২/ ২০১৯

## বিজ্ঞপ্তি

২০১৮- ২০১৯ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তির ফলাফল প্রার্থীদের আবেদন ফরমে উল্লেখিত মোবাইল নম্বরে SMS এর মাধ্যমে জানিয়ে দেয়া হয়েছে। এছাড়াও ফলাফল বিশ্ববিদ্যালয়ের Admission ওয়েবসাইট (http://admission.bdu.ac.bd) ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (http://bdu.ac.bd) এ প্রকাশ করা হয়েছে। ১ম মেধা তালিকায় নির্বাচিত প্রার্থীগণকে নিম্নে উল্লেখিত বিবরণ ও সময় অনুযায়ী ভর্তি হওয়ার জন্য বলা হলো। মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীগণ নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে তার মনোনয়ন চূড়ান্তভাবে বাতিল বলে গণ্য হবে।

### ১. অনলাইন ভর্তি ফরম পূরণ

১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের অনলাইনে ভর্তি ফরম পূরণ আগামী ১৭- ০২- ২০১৯ থেকে ২৬- ০২- ২০১৯ তারিখ পর্যন্ত চলবে। অনলাইনে ভর্তি ফরম পূরনের জন্য প্রার্থীকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ এ ভর্তি বিষয়ক ওয়েবসাইটের (http://admission.bdu.ac.bd) Login অপশনে গিয়ে সঠিক User Id ও Pin নম্বর এন্ট্রি দিয়ে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে।

উল্লেখ্য যে, মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের অনলাইন ভর্তি ফরম এর বিষয় মাইগ্রেশন ফিল্ডে বিষয় **মাইগ্রেশন** অন/অফ বাটনে ক্লিক করে মাইগ্রেশন চাওয়ার বিষয়টি নিশ্চিত করতে হবে।

### ২.ভর্তি ফি

বিশ্ববিদ্যালয় কর্তৃক মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীকে ভর্তির সময় আদায়কৃত বিভিন্ন ফি [(প্রার্থী প্রতি ১২০০০. ০০ ( বার হাজার) টাকা হারে] রকেট (ডাচ বাংলা মোবাইল ব্যাংকিং) এর মাধ্যমে আগামী ২৭- ০২- ২০১৯ থেকে ০৪- ০৩- ২০১৯ তারিখের জমা দিতে হবে।

**ক) খাতসহ ভর্তি ফি**

| ক্রমিক নং | খাত | টাকা |
|---|---|---|
| ১. | ভর্তি ফি | ৫০০/- |
| ২. | কোর্স পরীক্ষার ফি/ সেমিস্টার ফি | ২,০০০/- |
| ৩. | রেজিস্ট্রেশন ফি | ৫০০/- |
| ৪. | মাসিক বেতন ৫০০ টাকা করে প্রথম ৩ মাসের বেতন | ১,৫০০/- |
| ৫. | ছাত্র- ছাত্রী কল্যাণ ফি | ৫০০/- |
| ৬. | স্মার্ট আইডি কার্ড ফি | ২০০/- |
| ৭. | বিশ্ববিদ্যালয় অবকাঠামো উন্নয়ন ফি | ১,০০০/- |
| ৮. | গবেষনাগার ফি | ১,০০০/- |
| ৯. | Cloud Computing Fee | ৫০০/- |
| ১০. | LMS User Fee | ৫০০/- |
| ১১. | Incubation and Innovation Fee | ৩০০/- |
| ১২. | লাইব্রেরী জামানত ফি (ফেরৎযোগ্য) | ৫০০/- |
| ১৩. | লাইব্রেরী ব্যবহার ফি | ৩০০/- |
| ১৪. | একাডেমিক ক্যালেন্ডার ফি | ১০০/- |
| ১৫. | বিএনসিসি এবং রোভার স্কাউট ফি | ৬০০/- |
| ১৬. | বিভাগ উন্নয়ন ফি | ১০০০/- |
| ১৭. | ল্যাব ফি | ১০০০/- |
| | মোট: | ১২,০০০/- |

**খ) রকেট পেমেন্ট পদ্ধতি**

ধাপ- ১: রকেট একাউন্ট থেকে *৩২২# ডায়াল করুন।
ধাপ- ২: মেনু থেকে ১ সিলেক্ট করে পেমেন্ট অপশন অনুসরন করুন।আবার ১ সিলেক্ট করে পেমেন্ট অপশনে যান।
ধাপ- ৩: নিজের একাউন্ট থেকে হলে ১ সিলেক্ট করুন অথবা অন্যের একাউন্ট হলে ২ সিলেক্ট করুন।
ধাপ- ৪: আবেদন ফরমে ব্যবহৃত আবেদনকারীর মোবাইল নম্বর প্রদান করুন।
ধাপ- ৫: বিলার আইডি ২৭২৭ টাইপ করুন।
ধাপ- ৬: আপনার নির্ধারিত Application ID টাইপ করুন।
ধাপ- ৭: নির্ধারিত ফির পরিমান ( ১২০০০) টাইপ করুন।
ধাপ- ৮: ব্যবহৃত রকেট একাউন্ট এর পিন নম্বর প্রদান করুন।
ধাপ- ৯: সঠিক ভাবে পিন নম্বর প্রদান করা হলে আবেদন ফি কেটে নিয়ে successful message দেখানো হবে।
ধাপ- ১০: বিল পেমেন্ট সম্পন্ন হলে আবেদনকারীর মোবাইলে কনফার্মেশন মেসেজ পাবেন।

### ৩. দলিলাদির সত্যতা যাচাই এবং উপস্থিতি নিশ্চিতকরণ

ক) ভর্তির জন্য ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীদের নিম্নে উল্লেখিত তারিখ ও সময় অনুযায়ী রেজিস্ট্রার দপ্তর, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ (ফ্ল্যাট এ- ৬, প্লট ২/৩, ইকবাল রোড (মিরপুর রোড), ঢাকা- ১২০৭) এ নিম্নে উল্লেখিত সকল সনদ ও ট্রান্সক্রিপ্ট এর সত্যতা যাচাইয়ের জন্য স্ব- শরীরে উপস্থিত হতে হবে। এইদিন স্বাক্ষরিত ভর্তি ফরমের সাথে নিম্নোক্ত সকল মূল দলিলাদি সহ ২(দুই) সেট ফটোকপি রেজিস্ট্রার দপ্তরে জমা দিতে হবে:

১. এসএসসি/ সমমান পরীক্ষার মূল সনদপত্র

পর পৃষ্ঠা দ্রঃ

২. এসএসসি/ সমমান পরীক্ষার মূল নম্বরপত্র
৩. এইচএসসি/ সমমান পরীক্ষার মূল সনদপত্র
৪. এইচএসসি/ সমমান পরীক্ষার মূল নম্বরপত্র
৫. এইচএসসি/ সমমান পরীক্ষার মূল প্রশংসাপত্র
৬. এইচএসসি/ সমমান পরীক্ষার মূল রেজিস্ট্রেশন কার্ড
৭. পাসপোর্ট সাইজের ৪ (চার) কপি রঙিন ছবি

(খ) মুক্তিযোদ্ধা কোটার ক্ষেত্রে: মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত মুক্তিযোদ্ধা সার্টিফিকেটের মূল কপি এবং এক কপি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সম্প্রতি সত্যায়িত কপি। মুক্তিযোদ্ধার নাতি/নাতনি প্রমাণের সার্টিফিকেট হিসেবে প্রার্থীর জন্মনিবন্ধন সনদপত্র/জাতীয় পরিচয় পত্র, পিতা/মাতার জাতীয় পরিচয় পত্র, বিবাহ নিবন্ধন সার্টিফিকেট, থানা/উপজেলা/জেলা মুক্তিযোদ্ধা কমান্ড কাউন্সিল কর্তৃক ইস্যু কৃত প্রত্যয়ন পত্র, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/পৌরসভার কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়ন পত্র।

(গ) আদিবাসী কোটার ক্ষেত্রে: জেলা প্রশাসক/সংশ্লিষ্ট উপজাতীয় গোত্রের প্রধান/রাজা/ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/সিটি কর্পোরেশন/ পৌরসভার কাউন্সিলর কর্তৃক ইস্যু কৃত উপজাতি সার্টিফিকেট।

**৪. ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত প্রার্থীগণ ভর্তির জন্য বিশ্ববিদ্যালয়ে উপস্থিতির তারিখ ও সময়**

| ভর্তি পরীক্ষায় প্রার্থীর মেধামান | দলিলাদি মূল্যায়নের তারিখ ও বার | দলিলাদি মূল্যায়নের সময় |
|---|---|---|
| ১-২৫ | ২৭-০২-২০১৯, বুধবার | সকাল ৯.০০-বিকাল ৫.০০ টা |
| ২৬-৫০ | ২৮-০২-২০১৯, বৃহস্পতিবার | সকাল ৯.০০-বিকাল ৫.০০ টা |
| ৫১-৭৫ | ০৩-০৩-২০১৯, রবিবার | সকাল ৯.০০-বিকাল ৫.০০ টা |
| ৭৬-১০০ | ০৪-০৩-২০১৯, সোমবার | সকাল ৯.০০-বিকাল ৫.০০ টা |

**৫. ভর্তি বাতিল পদ্ধতি**

ভর্তি বাতিল করার জন্য প্রার্থীকে ৫০০০/-(পাঁচ হাজার) টাকা জমা দিতে হবে। ক্লাস শুরু হওয়ার পর ২ সপ্তাহ সময় পর্যন্ত ভর্তি বাতিল করা যাবে। ক্লাস শুরু হওয়ার ২ সপ্তাহ সময় শেষ হলে ১ম বর্ষ সম্পন্ন না হওয়া পর্যন্ত ভর্তি বাতিল করা যাবে না এবং ঐ সময়ের মধ্যে শিক্ষার্থীর সকল মূল সনদ বিশ্ববিদ্যালয়ের কাছে গচ্ছিত থাকবে। বিশ্ববিদ্যালয়ের অন্যান্য ফি যদি অপরিশোধিত থাকে তাহলে তা পরিশোধ করতে হবে।

**প্রার্থীর দলিলাদিতে কোন ভুল/মিথ্যা তথ্য প্রদান করলে ভর্তিকৃত ছাত্র/ছাত্রীর ভর্তি বাতিল হবে ও মিথ্যা তথ্য প্রদানের বিষয় প্রমাণিত হলে সংশ্লিষ্ট ছাত্র/ছাত্রীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেয়া হবে। বাংলাদেশের নাগরিক ব্যতীত অন্য কেউ এই প্রক্রিয়ায় আবেদন করে ভর্তি হয়েছে বলে পরবর্তীতে প্রমাণিত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটিসমূহের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। ফলাফলে কোন ত্রুটি দেখা গেলে কর্তৃপক্ষ তা সংশোধন ও পরিবর্তনের ক্ষমতা রাখে।**

রেজিস্ট্রার
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ

স্মারক নং- ৩৭. ০১. ৪১০৪. ০০০. ৪৪. ০০১. ১৮- ৭১৭

তারিখ: ১৩/ ০২/ ২০১৯

অনুলিপি:
১. পরিচালক, অর্থ ও হিসাব, বিডিইউ
২. একান্ত সচিব, উপাচার্য মহোদয়, বিডিইউ
৩. অফিস কপি।

রেজিস্ট্রার
বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ডিজিটাল ইউনিভার্সিটি, বাংলাদেশ